



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

26 June 2026

7:35 AM IST

=====

ৰাজ্যের ৭ টি জেলার ১১ টি রাজস্ব চক্রের ১০২টি গ্রাম বন্যার কবলে পড়েছে। ধেমাজী জেলায় সর্বাধিক ৫২ টি গ্রাম বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। ধেমাজীর বিধায়ক তথা রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃরঞ্জিত পেগু গতকাল ধেমাজী রাজস্ব চক্রের অধীন জয়রামপুর গ্রাম পঞ্চায়েতের ধর্মপুর অঞ্চল পরিদর্শন করেন। মন্ত্রী ডক্টর পেগু বন্যা প্রভাবিত অঞ্চল পরিদর্শন করে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জানান যে নতুন বাঁধ নির্মাণের পরিকল্পনা ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে এবং চলতি বছরে এই বাঁধ নির্মাণের কাজ সম্পূর্ণ করা হবে।

কাছাড় জেলায় আগামী বছরের জনগণনার জন্য চূড়ান্ত প্রস্তুতির কাজ চলছে। এ উপলক্ষ্যে শিলচর পৌরনিগমের সম্মেলন কক্ষে তৃণমূল পর্যায়ের প্রশিক্ষণ কর্মসূচির কাজ অব্যাহত রয়েছে। কাছাড়ের মুখ্য জনগণনা আধিকারিকের তত্ত্বাবধানে অনুষ্ঠিত এই কার্যসূচির মাধ্যমে

প্রশিক্ষকদের জনগণনার কাজ সুচারুরূপে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় দক্ষতা প্রদানের ব্যবস্থা করা হয়েছে। গত ২৩ শে জুন থেকে শুরু হওয়া এই প্রশিক্ষণের প্রথম পর্যায় গতকাল সন্ধ্যা ৬টায় শেষ হয়েছে। তিনদিনব্যাপী দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ কর্মসূচি আগামী ২৯শে জুন থেকে পয়লা জুলাই পর্যন্ত অনুষ্ঠিত হবে।

রাজ্যের খাদ্য, সরবরাহ ও গ্রাহক পরিক্রমা বিভাগ এবং নগর উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই আগামী সোমবার শ্রীভূমি জেলা পরিদর্শনে আসবেন। মন্ত্রী শ্রীরাই এদিন সকাল সাড়ে ১১টায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন। মন্ত্রী বিকেল চারটায় বিজেপির দলীয় কার্যালয়ে কর্মীদের সঙ্গে এক সভায় মিলিত হয়ে শিলচর ফিরে আসবেন।

শ্রীভূমির জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে প্রসূতি ও শিশু মৃত্যু সম্পর্কে একটি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে জেলায় প্রসূতি ও শিশু মৃত্যুর কারন ও প্রতিরোধমূলক ব্যবস্থা সম্পর্কে আলোচনা করা হয়েছে।

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে বোয়ালিপার প্যাডি প্রোকিউরমেন্ট সেন্টারে ধান সংগ্রহকে কেন্দ্র করে ওঠা বিভিন্ন অভিযোগের তদন্ত শুরু করা হয়েছে। এ উপলক্ষ্যে সহকারী আয়ুক্ত প্রসেনজিৎ দে গত বুধবার সংশ্লিষ্ট কেন্দ্র পরিদর্শন করেন এবং ক্ষতিগ্রস্ত কৃষকদের সঙ্গে কথা বলেন। জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে নির্ধারিত নিয়ম ও প্রক্রিয়া

অনুসরণ করে প্রতিটি অভিযোগ খতিয়ে দেখা হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

হাইলাকান্দি জেলায় আজ যথাযোগ্য মর্যাদায় পবিত্র মহরম উৎসব পালন করা হবে । জেলা প্রশাসন থেকে ইতিমধ্যে মহরম উৎসব শান্তিপূর্ণভাবে পালনের লক্ষ্যে একাধিক নির্দেশিকা জারী করা হয়েছে । উল্লেখ্য এবছর হাইলাকান্দি জেলার ২৪টি মহরম কমিটি শোভাযাত্রা ও অন্যান্য কর্মসূচীতে অংশগ্রহণ করবে ।

শ্রীভূমি জেলায় আন্তর্জাতিক মাদক দ্রব্য অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবস উপলক্ষ্যে আজ থেকে শ্রীভূমি শহরের পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে নেশামুক্ত ভারত সপ্তাহ পালন করা হবে । এই দিবস পালনের মূল লক্ষ্য হল যুব সমাজকে মাদকের কুফল সম্পর্কে সচেতন করা এবং একটি সুস্থ , নিরাপদ ও নেশামুক্ত সমাজ গঠনে সবাইকে উদবুদ্ধ করা । এ উপলক্ষ্যে ছাত্র-ছাত্রী , শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের অংশগ্রহণে বিভিন্ন সচেতনতামূলক কার্যসূচী , আলোচনা সভা , শপথ গ্রহণ এবং মাদক বিরোধী বার্তা প্রচারের আয়োজন করা হবে । উল্লেখ্য এবছর মাদক দ্রব্য অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবসের মূল ভাবনা হচ্ছে- নেশামুক্ত ভারত অভিযান-বিকশিত ভারতের পরিচয় ।

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে কালাইন থানার অধীন দিগরখাল এলাকায় গতকাল বিশেষ অভিযান চালিয়ে প্রচুর পরিমানের মাদক দ্রব্য বাজেয়াপ্ত করে। জন্ম করা এই মাদক দ্রব্যের বাজার মূল্য প্রায় ৯০ লক্ষ টাকা হবে বলে পুলিশ জানিয়েছে। পুলিশ মাদক দ্রব্য সরবরাহের সঙ্গে জড়িত থাকার অভিযোগে নগাও জেলার বাসিন্দা হাসান আলী এবং সিদ্দিকুল ইসলাম নামের দুই ব্যক্তিকে আটক করেছে। তাদের জিজ্ঞাসাবাদ চলছে।
